# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 27 March, 2025

পবিত্র ঈদুল ফিতরের ছুটি কাটাতে রাজধানী ছাড়ছেন অনেকে।৯ দিনের ছুটিতে যাত্রীদের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে বলে জানিয়েছেন র‍্যাব-৪।বৃহস্পতিবার (২৭ মার্চ) রাজধানীর গাবতলীর র‍্যাব কন্ট্রোল রুম থেকে সংবাদ সম্মেলনে এ কথা বলেন র্যাব-৪ এর সিও লে. কর্নেল মো. মাহবুব আলম।

তিনি বলেন, প্রথমস্তরে ২৪টি টহল কার্যক্রম পরিচালনা করা হবে।দ্বিতীয় স্তরে ছিনতাইকারী ও মলমপার্টি থেকে রক্ষা করতে সাদা পোশাকে র‍্যাবের সদস্যরা কর্মরত আছেন।তৃতীয় স্তরে মোবাইল স্ট্রাইকিং কোর্ট রয়েছে যাতে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেয়া যায়।গাড়ি ভাড়া নিয়ে কোনো অভিযোগ পেলে ম্যাজিস্ট্রেট থাকবেন সঙ্গে, মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নেয়া হবে।

মাহবুব আলম আরও বলেন, এ ছাড়াও শপিং সেন্টার ও বাস টার্মিনালে টহল দেয়া হচ্ছে।ঈদ উপলক্ষে ঘরমুখো মানুষের যাতায়াত নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময় করতে বাসস্থান ত্যাগের আগে পর্যাপ্ত নিরাপত্তার খেয়াল রাখার পরামর্শ দিয়ে লে. কর্নেল মাহবুব আলম রাস্তায় কারও থেকে খাদ্য গ্রহণে ও সখ্যতা না করার পরামর্শ দিয়েছেন।

ছিনতাইকারী ঈদুল ফিতর র‍্যাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:31

URL: https://www.timestodaybd.com/bangladesh/80775807